গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৭

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল (বিভিসি) মহান জাতীয় সংসদের আইন দ্বারা সৃষ্ট একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়নের জন্য BVC Standard for Veterinary Education নামে আন্তর্জাতিক মানের একটি মানদন্ড প্রণয়ন করেছে, যা বাংলাদেশের ১২টি শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়ন করা হচ্ছে। এদেশের ভেটেরিনারি পেশার গতিশীলতা ও জবাবদিহিতা বৃদ্ধির নিমিত্ত এবং ভেটেরিনারি শিক্ষার মান নিয়ন্ত্রণের জন্য “দি বাংলাদেশ ভেটেরিনারি প্র্যাকটিশনার্স অধ্যাদেশ-১৯৮২” কে সংশোধন ও সংযোজনের মাধ্যমে ২০১৯ সালের ১০ই জুলাই “বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল আইন - ২০১৯” নামে একটি আইন জারি করা হয়েছে। বিগত ৩ বছরে কাউন্সিল ১৩৬৬জন ভেটেরিনারিয়ানকে ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন (ভি,পি,আর) ও ১৪১২টি প্র্যাকটিশনার্স আইডি কার্ড (পিআইসি) প্রদান করেছে। তাছাড়া পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য মোট ৮৯৬ জন রেজিস্টার্ড ভেটেরিনারি কর্মশালায় ও ৩৩৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কাউন্সিলের অনুকূলে ১০ তলা ভিতের উপর ৫ তলা বিশিষ্ট ভবন নির্মাণের একটি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত প্রকল্পে কাউন্সিলের ব্যবহারের জন্য পর্যাপ্ত অফিস কক্ষ ছাড়াও, প্রশিক্ষণ কেন্দ্র, কনফারেন্স রুম, লাইব্রেরি এবং অত্যাধুনিক অগ্নিনির্বাপকের সুযোগ সৃষ্টি হবে। তাছাড়া জনবল বৃদ্ধির লক্ষ্যে ৬২টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ভেটেরিনারি শিক্ষায় সমতা আনয়ন, শিক্ষার সুযোগ সুবিধা নিশ্চিত করা, অধিক কারিগরি জ্ঞানসম্পন্ন প্রাণি চিকিৎসক তৈরি করা, পেশার গুণগতমান বজায় রাখা, পেশাজীবীদের মধ্যে শৃঙ্খলা রক্ষা করা, পেশাজীবীদের কারিগরি জ্ঞানকে সময় উপযোগী করা এবং ভেটেরিনারি শিক্ষা, পেশা ও সেবার মান উন্নয়ন ও ক্ষেত্র বিশেষে সম্প্রসারণ করা অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

ভেটেরিনারি শিক্ষা ও পেশার মান উন্নয়নে শিক্ষার মানদন্ডের বাস্তবায়ন, শিক্ষা প্রতিষ্ঠানে তদারকি বৃদ্ধি, কোর্স ক্যারিকুলামে সমতা আনয়ন, পেশাজীবীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণের আয়োজন, ইথিক্যাল মানদন্ড বজায় রাখা, পেশাজীবীদের চলমান শিক্ষা কার্যক্রম (CE) এর মধ্যে রাখা, নারী ভেটেরিনারিয়ানের সংখ্যা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করাসহ সামগ্রিক শৃঙ্খলা আনয়ন।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৪৪৫ জন ডিভিএম ডিগ্রীধারীকে ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন (ভি,পি,আর) প্রদান।
- ভেটেরিনারি শিক্ষার গুণগতমান উন্নয়নের জন্য ৯টি ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান (ভি,ই,আই) সরেজমিন পরিদর্শন।
- দক্ষতা বৃদ্ধির জন্য ৫০০ জন ভেটেরিনারিয়ানকে কর্মশালা ও প্রশিক্ষণ প্রদান।
- ৪৬০ জন পেশাজীবীকে পরিচয় পত্র (পি,আই,সি) প্রদান।
- ১৮ টি প্র্যাকটিস কেন্দ্র (পি,সি) পরিদর্শন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের ............ মাসের ........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

দক্ষ প্র্যাকটিশনার দ্বারা প্রাণির মানসম্মত স্বাস্থ্য সেবা (ভেটেরিনারি সার্ভিস) প্রদান নিশ্চিত করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ভেটেরিনারি শিক্ষা ও পেশার মান নিয়ন্ত্রণের মাধ্যমে যথাযথ কারিগরি জ্ঞানসম্পন্ন দক্ষ ভেটেরিনারি প্র্যাকটিশনার তৈরি করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. গুণগত মান সম্পন্ন ভেটেরিনারি পেশাজীবী নিশ্চিত করা;
২. ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়ন করা;
৩. কারিগরি দক্ষতা সম্পন্ন ভেটেরিনারি প্র্যাকটিশনার তৈরি করা;
৪. ভেটেরিনারি পেশাজীবীদের মানোন্নয়নের মাধ্যমে সেবা নিশ্চিত করা।
৫. ভেটেরিনারিতে নারী শিক্ষার প্রসার।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বাংলাদেশ ও বাংলাদেশের বাহিরে অবস্থিত ভেটেরিনারি প্রতিষ্ঠানের ভেটেরিনারি বিষয়ে শিক্ষাগত যোগ্যতা ও প্রদত্ত ডিগ্রীর স্বীকৃতি প্রদান;
২. ভেটেরিনারি প্র্যাকটিশনারদের নিবন্ধন, নিয়ন্ত্রণ এবং তাহাদের আইনগত অধিকার ও সুযোগ-সুবিধা সংরক্ষণ করা;
৩. ভেটেরিনারি শিক্ষা, পেশা ও সেবার মান নিয়ন্ত্রণ ও নীতিমালা প্রণয়ন এবং উহার উন্নয়নের জন্য গবেষণা ও সম্প্রসারণের ব্যবস্থা করা;
৪. ভেটেরিনারি পেশা ও পেশাজীবীদের দক্ষতা সময়োপযোগী করা এবং রেজিস্টার্ড ভেটেরিনারিয়ানদের উচ্চতর ডিগ্রী বা প্রশিক্ষণ বা বিশেষায়িত জ্ঞানের সুযোগ সৃষ্টির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা;
৫. অপেশাজনিত বা অনৈতিক কাজে লিপ্ত ভেটেরিনারিয়ান ও নন-ভেটেরিনারিয়ানদের বিচারের আওতায় নিয়ে আসা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| ভেটেরিনারি পেশাজীবীর সংখ্যা বৃদ্ধি | ভেটেরিনারি সেবার প্রাপ্যতা | সংখ্যা (জন/বছর) | ৪৯৩ | ৩৯৩ | ৪৪৫ | ৪৫০ | ৪৬০ | বিভিসি ও ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| পেশাজীবীর কারিগরী দক্ষতা বৃদ্ধি | ভেটেরিনারি পেশার মান উন্নয়ন | সংখ্যা (জন/বছর) | ৪৬১ | ৩৬৭ | ৫০০ | ৫২০ | ৫৪০ | বিভিসি | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] গুণগত মান সম্পন্ন ভেটেরিনারি পেশাজীবী নিশ্চিত করা; | ৩৫ | [১.১] ভেটেরিনারি পেশাজীবী রেজিস্ট্রেশন প্রদান। | [১.১.১] রেজিস্ট্রেশনকৃত পেশাজীবী | সমষ্টি | সংখ্যা | ২০ | ৪৩০ | ৪৪০ | ৪৪৫ | ৪০০ | ৩৫৬ | ৩১১ | ২৬৭ | ৪৫০ | ৪৬০ |
| | | [১.২] ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন ও তদারকি। | [১.২.১] পরিদর্শনকৃত প্র্যাকটিস কেন্দ্র | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৪ | ১৬ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ১০ | ২০ | ২২ |
| | | [১.৩] ইথিক্যাল মানদন্ড বাস্তবায়ন। | [১.৩.১] নৈতিকতা প্রাপ্ত পেশাজীবী | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩১০ | ৩৩০ | ৩৪০ | ৩০৬ | ২৭২ | ২৩৮ | ২০৪ | ৩৫০ | ৩৫৫ |
| | | [১.৪] ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্রে বিনামূল্যে চিকিৎসা ও টিকা প্রদান কর্মসূচী (বঙ্গবন্ধুর শততম জন্মবার্ষিকী উপলক্ষ্যে)। | [১.৪.১] চিকিৎসা ও টিকা দানকৃত প্রাণি | সমষ্টি | সংখ্যা | ৫ | | ৫০০০ | ৫০০০ | ৪৫০০ | ৪০০০ | ৩৫০০ | ৩০০০ | | |
| [২] ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়ন করা; | ১৫ | [২.১] বিভিসি-এর শিক্ষার মানদন্ড বাস্তবায়নে তদারকি | [২.১.১] তদারকিকৃত শিক্ষা প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩ | ৩ | ৩ | ৩ | ২ | ২ | ১ | ৩ | ৪ |
| | | [২.২] ভেটেরিনারি প্রতিষ্ঠান পরিদর্শন/তদারকি। | [২.২.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩ | ৩ | ৩ | ৩ | ২ | ২ | ১ | ৩ | ৪ |
| | | [২.৩] আসন সংখ্যা বৃদ্ধিতে উদ্ধুদ্ধকরণ। | [২.৩.১] উদ্ধুদ্ধকৃত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৫ | ২ | ৩ | ৩ | ৩ | ২ | ২ | ১ | ৩ | ৪ |
| [৩] কারিগরি দক্ষতা সম্পন্ন ভেটেরিনারি প্র্যাকটিশনার তৈরি করা; | ১০ | [৩.১] প্র্যাকটিশনার আইডি কার্ড প্রদান। | [৩.১.১] পরিচয়পত্র প্রাপ্ত পেশাজীবী | সমষ্টি | সংখ্যা | ১০ | ৪৩০ | ৪৫০ | ৪৬০ | ৪১৪ | ৩৬৮ | ৩২২ | ২৭৬ | ৪৭০ | ৪৭৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৪] ভেটেরিনারি পেশাজীবীদের মানোন্নয়নের মাধ্যমে সেবা নিশ্চিত করা। | ১০ | [৪.১] ভেটেরিনারি পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত ভেটেরিনারি পেশাজীবী | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৫০ | ১৮০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ২২০ | ২২৫ |
| | | [৪.২] ভেটেরিনারি পেশা ও শিক্ষার মানোন্নয়নের জন্য কর্মশালা আয়োজন | [৪.২.১] কর্মশালায় অংশগ্রহণকারী ভেটেরিনারি পেশাজীবী | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩০০ | ৩০০ | ৩০০ | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | ৩০০ | ৩১৫ |
| [৫] ভেটেরিনারিতে নারী শিক্ষার প্রসার। | ৫ | [৫.১] ভেটেরিনারি শিক্ষায় অধিক সংখ্যক নারী শিক্ষার্থীকে আকৃষ্ট করার জন্য উদ্বুদ্ধকরণ সভা ও কর্মশালার আয়োজন করা। | [৫.১.১] অনুষ্ঠিত উদ্বুদ্ধকরণ সভা/কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৯৫ | ১০০ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | | | | | ৪ | ৪ |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | ১২ | ১২ | ১১ | | | | ১২ | ১২ |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | ৪ | ৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | ৮০ | ৮০ |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | ১৫-০২-২০১৯ | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | ১৫-০২-২০২২ | ১৫-০২-২০২৩ |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | ২৫-০৪-২০২২ | ২৫-০৪-২০২৩ |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | ৬০ | ৬৪ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | ৫০ | ৫০ |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | ৫ | ৫ |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | ১ | ১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ৯৮.৮৯ | ৫৩ | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | ২৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | ৮২ | ৮৫ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | ৬৬.৬৬ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | ৫০ | ৫০ |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | ৩১-০১-২০১৯ | ০৩-০২-২০২০ | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | ১৫-০২-২০২২ | ১৫-০২-২০২৩ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হিসাবে রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

............................................................ ............................................................

রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল

তারিখ

............................................................ ............................................................

সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিভিসি | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল |
| ২ | ভিপিআর | ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন |
| ৩ | ভিইআই | ভেটেরিনারি এডুকেশন ইনস্টিটিউট |
| ৪ | পিসি | প্র্যাকটিস কেন্দ্র |
| ৫ | পিআইসি | প্র্যাকটিশনার্স আইডি কার্ড |
| ৬ | ভিএস | ভেটেরিনারি সেবা / ভেটেরিনারি সার্জন |
| ৭ | এফআরভি | ফিমেল রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান |
| ৮ | আরভি | রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান |
| ৯ | ডিভিএম | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন |
| ১০ | ওআইই (OIE) | বিশ্ব প্রাণিস্বাস্থ্য সংস্থা (Office International Des Epizooties) |
| ১১ | ডিএলএস | ডিপার্টমেন্ট অব লাইভস্টক সার্ভিসেস |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] ভেটেরিনারি পেশাজীবী রেজিস্ট্রেশন প্রদান। | [১.১.১] রেজিস্ট্রেশনকৃত পেশাজীবী | ডিভিএম গ্র্যাজুয়েটদের দক্ষতা এবং দাখিলকৃত তথ্যাদি যাচাইবাচাই পূর্বক ভেটেরিনারি প্র্যাকটিশনার্স রেজিস্ট্রেশন প্রদান করা হয়। তাই রেজিস্ট্রেশনকৃত পেশাজীবী (আরভি)-এর সংখ্যাই হবে পরিমাপের একক। | বিভিসি | আরভি-এর সংখ্যা | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন ও কাউন্সিলে সংরক্ষিত রেজিস্টার |
| [১.২] ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন ও তদারকি। | [১.২.১] পরিদর্শনকৃত প্র্যাকটিস কেন্দ্র | ভেটেরিনারিয়ানরা প্র্যাকটিস কেন্দ্রে কি মানের ভেটেরিনারি সেবা প্রদান করছে, প্রাণিকল্যাণ ও ইথিক্যাল মানদন্ড মেনে চলছে কিনা তা পরিদর্শন ও তদারকির মাধ্যমে মূল্যায়ন করা এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা। কাজেই পরিদর্শনকৃত পিসি-এর সংখ্যাই ইহা নির্ণায়কের একক। | বিভিসি | পিসি-এর সংখ্যা | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদনবিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] ইথিক্যাল মানদন্ড বাস্তবায়ন। | [১.৩.১] নৈতিকতা প্রাপ্ত পেশাজীবী | রেজিস্টার্ড ভেটেরিনারি প্র্যাকটিশনারদের শপথবাক্য পাঠ করানো এবং বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক প্রণীত কোড অব ভেটেরিনারি ইথিক্স ও ওআইই-এর প্র্যাকটিস সংক্রান্ত নির্দেশনা সম্পর্কে অবগত করা। সুতরাং কতজন আরভি-কে ইহা অবগত করা হলো সে সংখ্যাই এটি পরিমাপের একক। | বিভিসি | আরভি-এর সংখ্যা | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] ভেটেরিনারি প্র্যাকটিস কেন্দ্রে বিনামূল্যে চিকিৎসা ও টিকা প্রদান কর্মসূচী (বঙ্গবন্ধুর শততম জন্মবার্ষিকী উপলক্ষ্যে)। | [১.৪.১] চিকিৎসা ও টিকা দানকৃত প্রাণি | ভেটেরিনারিয়ানরা প্র্যাকটিস কেন্দ্রে আগত প্রাণিদের বিনামূল্যে টিকা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। প্র্যাকটিস কেন্দ্রে কর্মরত ভেটেরিনারিয়ান ও প্রাণি মালিকদের বঙ্গবন্ধুর জীবনী ও অবদান সম্পর্কে অবগত করা। কাজেই পরিদর্শনকৃত পিসি এবং বিনামূল্যে প্রদত্ত টিকার সংখ্যাই ইহা নির্ণায়কের একক। | বিভিসি | পরিদর্শনকৃত পিসি ও প্রদত্ত টিকার সংখ্যা | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন ও কাউন্সিলে সংরক্ষিত রেজিস্টার |
| [২.১] বিভিসি-এর শিক্ষার মানদন্ড বাস্তবায়নে তদারকি | [২.১.১] তদারকিকৃত শিক্ষা প্রতিষ্ঠান | বাংলাদেশে বর্তমানে ৮টি ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডিভিএম ডিগ্রী প্রদান করা হচ্ছে এবং আরও ৪টি প্রতিষ্ঠানে ভেটেরিনারি শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। ভেটেরিনারি শিক্ষার মান উন্নয়নের জন্য BVC Standard for Veterinary Education প্রনয়ন করেছে। উক্ত মানদন্ডটি প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সমভাবে বাস্তবায়নের লক্ষ্যে তদারকি জোরদার পূর্বক ৩টি প্রতিষ্ঠানে তা সঠিকভাবে বাস্তবায়ন করা। তাই শিক্ষার মানদন্ড বাস্তবায়নকৃত শিক্ষা প্রতিষ্ঠান (VEI)-এর সংখ্যাই হবে কর্মসম্পাদন সূচকের মানদন্ড। | বিভিসি ও ভিইআই | ভিইআই-এর সংখ্যা | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| [২.২] ভেটেরিনারি প্রতিষ্ঠান পরিদর্শন/তদারকি। | [২.২.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | কাউন্সিলের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি দল/কর্মকর্তা বিশ্ববিদ্যালয় পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভেটেরিনারি শিক্ষার ভৌত অবকাঠামোগত সুযোগ সুবিধা, লাইব্রেরি, ল্যাবরেটরি, খামার ও টিচিং ভেটেরিনারি হাসপাতাল ইত্যাদি আছে কিনা এবং হাতে-কলমে কি শিক্ষা দেওয়া হচ্ছে তা সরেজমিন পরিদর্শন করবে। ইহাই পরিদর্শনকৃত ভিইআই-এর পরিমাপের মানদন্ড। | বিভিসি ও ভিইআই | ভিইআই-এর সংখ্যা | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] আসন সংখ্যা বৃদ্ধিতে উদ্বুদ্ধকরণ। | [২.৩.১] উদ্বুদ্ধকৃত প্রতিষ্ঠান | ভেটেরিনারি শিক্ষার চাহিদা বেশি থাকাতে ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থী©দের আসন সংখ্যা বৃদ্ধির জন্য উদ্যোগ গ্রহণ করা হয়। এক্ষেত্রে উদ্বুদ্ধকৃত ভিইআই-এর সংখ্যাই হবে পরিমাপের একক। | বিভিসি ও ভিইআই | ভিইআই-এর সংখ্যা | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] প্র্যাকটিশনার আইডি কার্ড প্রদান। | [৩.১.১] পরিচয়পত্র প্রাপ্ত পেশাজীবী | খামারী বা তৃণমূল পযায়ের সেবা গ্রহণকারীরা যথাযথ প্রাণি চিকিৎসক দ্বারা ভেটেরিনারি সেবা পাচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য প্রত্যেক আরভিপি কে প্র্যাকটিশনার্স আইডি কার্ড প্রদান করা হচ্ছে। তাই পরিচয়প্রাপ্ত পেশাজীবী (পিআইসি)- এর সংখ্যাই ইহার পরিমাপক। | বিভিসি | পিআইসি-এর সংখ্যা | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন ও কাউন্সিলে সংরক্ষিত রেজিস্টার |
| [৪.১] ভেটেরিনারি পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত ভেটেরিনারি পেশাজীবী | যেহেতু ভেটেরিনারি পেশা একটি বিশেষায়িত পেশা তাই প্র্যাকটিশনারদের কারিগরি দক্ষতা সময়োপয়োগী রাখার জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয় এবং বঙ্গবন্ধুর শততম জন্মবার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধুর জীবনী মডিউলে অন্তর্ভুক্ত করা। প্রশিক্ষণে অংশগ্রহণকারী পেশাজীবী (আরভি)-এর সংখ্যাই এটি পরিমাপের মানদন্ড। | বিভিসি | আরভি-এর সংখ্যা | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] ভেটেরিনারি পেশা ও শিক্ষার মানোন্নয়নের জন্য কর্মশালা আয়োজন | [৪.২.১] কর্মশালায় অংশগ্রহণকারী ভেটেরিনারি পেশাজীবী | ভেটেরিনারি শিক্ষা একটি বিশেষায়িত শিক্ষা। তাই প্র্যাকটিশনারদের কারিগরি জ্ঞান সময়োপয়োগী রাখার জন্য কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় অংশগ্রহণকারী পেশাজীবী (আরভি)-এর সংখ্যাই এটি পরিমাপের মানদন্ড। | বিভিসি | আরভি-এর সংখ্যা | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] ভেটেরিনারি শিক্ষায় অধিক সংখ্যক নারী শিক্ষার্থীকে আকৃষ্ট করার জন্য উদ্বুদ্ধকরণ সভা ও কর্মশালর আয়োজন করা। | [৫.১.১] অনুষ্ঠিত উদ্বুদ্ধকরণ সভা/কর্মশালা | নারী শিক্ষার প্রসার ও নারীর ক্ষমতায়ন এস.ডি.জি-এর অন্যতম লক্ষ্য। তাই ভেটেরিনারি শিক্ষায় নারীর অংশগ্রহণ বৃদ্ধি ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করার জন্য উচ্চ মাধ্যমিক পর্যায়ের নারী শিক্ষার্থীদের অবগতকরণ সভা/কর্মশালার মাধ্যমে ভেটেরিনারি শিক্ষায় উদ্বুদ্ধকরণ করা প্রয়োজন। এ শিক্ষায় নারীর সংখ্যা বৃদ্ধির ফলে ভেটেরিনারি শিক্ষার প্রসারের সাথে সাথে নারীর ক্ষমতায়ন নিশ্চিত হবে। তাই আয়োজিত উদ্বুদ্ধকরণ সভা/কর্মশালার সংখ্যাই হবে ইহার পরিমাপক। | বিভিসি | আয়োজিত উদ্বুদ্ধকরণ সভা/কর্মশালার সংখ্যা | বিভিসি-এর বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান | পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | সেবা প্রদানের সুযোগ সৃষ্টি | সেবার মান বৃদ্ধি | ভেটেরিনারি সেবার মান বাধাগ্রস্থ হবে। |
| অন্যান্য | ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান | উদ্বুদ্ধকৃত প্রতিষ্ঠান | ভেটেরিনারি শিক্ষার সুযোগ বৃদ্ধি | ভেটেরিনারি শিক্ষার সুযোগ সৃষ্টি | ভেটেরিনারি শিক্ষার সুযোগ বাধাগ্রস্থ হবে। |
| দপ্তর / সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তর | পরিদর্শনকৃত প্র্যাকটিস কেন্দ্র | তথ্য প্রাপ্তি ও সহযোগিতা | সেবার মান উন্নয়ন | চিকিৎসা ও রোগ প্রতিরোধ কার্যক্রমের মান বাধাগ্রস্থ হবে। |
| অন্যান্য | ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান | তদারকিকৃত শিক্ষা প্রতিষ্ঠান | অবকাঠামোগত ভৌত ও কারিগরি সক্ষমতা বৃদ্ধি | ভেটেরিনারি শিক্ষার মানোন্নয়ন | ভেটেরিনারি শিক্ষার মান বাধাগ্রস্থ হবে। |